## গোয়ালন্দ উপজেলার সেপ্টেম্বর-২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন শৃংখলা উপ-কমিটির সভার কাযবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান চৌধুরী,
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
স্থান : উপজেলা পরিষদ হলরুম, গোয়ালন্দ, রাজবাড়ী।
তারিখ : ১৫/০৯/২০২১ খ্রি.। সময়: ১০-০০ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে:

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় বিগত সভার কাযবিবরণী পাঠ করে শুনানো হয়। গত সভার কাযবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মত্তিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভাপরিত যে সকল দপ্তর/প্রতিষ্ঠান তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন তাদের ধন্যবাদ জানান। এছাড়া যে সখল দপ্তর-প্রধানগণ বিগত সবার গৃহীত সিদ্ধান্তসমূহ এখনো বাস্তবায়ন করেননি তাদের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কাযক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | আইন-শৃঙ্খলা সংক্রান্ত | গোয়ালন্দ উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং কেউ যেন নাশকতা সৃষ্টি করতে না পারে তার জন্য সকলকে সজাগ থাকতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>০২। অফিসার ইন-চার্জ |
| ০২ | বাল্য বিবাহ প্রতিরোধ | বাল্য বিবাহ প্রতিরোধ বিভিন্ন এলাকায় গিয়ে ছাত্র-ছাত্রী, অভিভাবক কর্মকর্তা/কর্মচারীগণকে এর কুফল সম্পর্কে অবহিত করতে হবে। বাল্যবিবাহ সাথে জড়িত অভিভাবক, ব্যক্তি ও কাজীর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান(সকল), ওয়ার্ড সদস্য (সকল)। |
| ০৩ | ভুয়া জন্মনিবন্ধন তৈরি | বাল্য বিবাহ এবং সম্পত্তি বন্টনের ক্ষেত্রে প্রায় ভুয়া জন্মনিবন্ধন ব্যবহার করা হয়। জন্মনিবন্ধনগুলো উপজেলায় বিভিন্ন কম্পিউটারের দোকানে তৈরি করা হয় বলে জানা যায়। তবে এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া যায়নি। তবে অভিযোগ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান(সকল), ওয়ার্ড সদস্য (সকল)। |
| ০৪ | পুকুর খনন রোধ | বিভিন্ন ইউনিয়নে কৃষি জমিতে বাণিজ্যিক উদ্দেশ্য অবৈধ ড্রেজার দিয়ে মাটি কাটা বন্ধের বিষয়ে সভায় আলোজনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, মেয়র, ইউপি চেয়ারম্যান(সকল), |

অতঃপর সভার অন্য আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আসাদুজ্জামান চৌধুরী)
সভাপতি
উপজেলা আইন শৃংখলা উপ-কমিটির
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।